গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৪৪ তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রি:

## অফিস আদেশ

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৩২ অনুযায়ী, ক্রয়কারী কর্তৃক ক্রয় প্রক্রিয়ায় গৃহীত সকল আবেদনপত্র, দরপত্র, কোটেশন বা প্রস্তাব অনধিক ২ কার্যদিবসের মধ্যে মূল্যায়ন কমিটির সভাপতির নিকট হস্তান্তর করা বাধ্যতামূলক। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অফলাইনে গৃহীত আবেদনপত্র, দরপত্র, কোটেশন বা প্রস্তাব উক্ত বিধির আলোকে সময় মতো ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন কমিটির সভাপতির নিকট হস্তান্তর করা হচ্ছে না। ফলে, দরপত্র মুল্যায়ন শুরু করতে বিলম্ব হওয়ার কারণে দরপত্র/প্রস্তাব প্রক্রিয়াকরণে অনেক সময় ব্যয় হচ্ছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অফলাইনে গৃহীত সকল আবেদনপত্র, দরপত্র, কোটেশন বা প্রস্তাব পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৩২ অনুযায়ী আবশ্যিকভাবে অনধিক ২ কার্যদিবসের মধ্যে মূল্যায়ন কমিটির সভাপতির নিকট হস্তান্তর করতে সকল ক্রয়কারীকে অনুরোধ করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

১৮/০১/২৪
**(মোঃ আলি আখতার হোসেন)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৪৪/১(৭) তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ........................., বিভাগ, জেলাঃ......................... ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ..................................,অঞ্চল, জেলাঃ .................................।
৩। প্রকল্প পরিচালক, ....................................................... প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ........................................।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ..................................,উপজেলা, জেলাঃ ....................................।
৬। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ .........................।
৭। উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ .........................।

১৮/০১/২০২৪
**(মোঃ গোলাম ইয়াজদানী)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd